



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৬১১.১৮.০০১.০৫. ২৮-৮

তারিখঃ ২৬/০২/২০২০ ইং।

অফিস আদেশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি'র আইসিটি (জিআইএস ও এমআইএস) সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা ও সমন্বয়ের দায়িত্ব সদর দপ্তরের আইসিটি ইউনিটের উপর ন্যস্ত রয়েছে। কিন্তু লক্ষ্য করা যায় যে, বিভিন্ন প্রকল্প ও ইউনিট আইসিটি ইউনিটকে সম্পৃক্ত না করেই আইসিটি সংক্রান্ত কার্যক্রম (যেমনঃ সফটওয়্যার তৈরি, সরঞ্জাম ত্রয়, ইত্যাদি) সম্পাদন করছে। ফলে এসকল কার্যক্রম কেন্দ্রীয়ভাবে সমন্বিত হচ্ছে না এবং পরবর্তীতে তার যথাযথ সুফল পাওয়া যায় না। এসকল কার্যক্রমের যথাযথ সুবিধা প্রাপ্তি নিশ্চিত করতে নিয়মিতি বিষয়সমূহ অনুসরণের জন্য নির্দেশ দেয়া হলোঃ

- (১) যেকোন আইসিটি সংক্রান্ত কার্যক্রম প্রণয়ন করার সময় থেকেই আইসিটি ইউনিটকে সম্পৃক্ত করতে হবে। আইসিটি ইউনিটের মতামত গ্রহণ করে এধরনের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
- (২) কোন প্রকল্পে আইসিটি সংক্রান্ত কম্পোনেন্ট (জিআইএস ও এমআইএস) অন্তর্ভুক্ত করার প্রয়োজন হলে তা আইসিটি ইউনিটের পরামর্শ গ্রহণ করে ডিপিপি-তে অন্তর্ভুক্ত করতে হবে। এক্ষেত্রে শুধুমাত্র প্রকল্প ভিত্তিক বিবেচনা না করে প্রাতিষ্ঠানিক দিক বিবেচনা করতে হবে, যাতে পরবর্তীতে প্রতিষ্ঠান উপকৃত হয়;
- (৩) আইসিটি সংক্রান্ত কার্যক্রম (জিআইএস ও এমআইএস) সম্পন্ন হলে তা আইসিটি ইউনিটে সফট কপি (সোর্স কোড, জিআইএস ডাটা, সফটওয়্যার ডকুমেন্টেশন, ইত্যাদি) হস্তান্তর করতে হবে, যাতে পরবর্তীতে প্রাতিষ্ঠানিকভাবে এর ব্যবহার করা যায়; এবং
- (৪) ইতিমধ্যে কোন প্রকল্পে আইসিটি সংক্রান্ত কার্যক্রম (জিআইএস ও এমআইএস) শুরু হয়ে থাকলে অতি দ্রুত তা আইসিটি ইউনিটকে অবহিত করে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(সুশংকর চন্দ্র আচার্য)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)-

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, , এলজিইডি সদর দপ্তর।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সকল), এলজিইডি সদর দপ্তর।
- ৩। প্রকল্প পরিচালক, (সকল), এলজিইডি।